দৈনিক সংবাদ

১৮/৪/২০০৩

তারিখ ...
পৃঃ ১০ কলাম ... ৮ ...

# বুয়েটে সৈয়দ শহুদুর রহমান মেমোরিয়াল স্কলারশিপ চালু

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের কেমিকৌশল বিভাগে সৈয়দ শহুদুর রহমান মেমোরিয়াল স্কলারশিপ নামে একটি বৃত্তি চালু করা হবে। এ লক্ষ্যে মরহুম সৈয়দ শহুদুর রহমানের মা রওশন নাহার ফাতেমা গতকাল প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নূরউদ্দিন আহমদের কাছে তার দপ্তরে ২ লাখ ৫০ হাজার টাকার একটি চেক হস্তান্তর করেছেন। চেক হস্তান্তর অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মরহুম সৈয়দ শহুদুর রহমানের জ্যেষ্ঠ ভ্রাতা সৈয়দ খালেদুর রহমান এবং রহমান কেমিক্যালসের মহাব্যবস্থাপক (উৎপাদন) প্রকৌশলী মাহবুব-আর রহমান। উল্লেখ্য, মরহুম সৈয়দ শহুদুর রহমান বুয়েট থেকে ১৯৬৮ সালে কেমিকৌশলে স্নাতক ডিগ্রি লাভ করেন এবং কয়েক বছর আগে সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করেন। সংবাদ বিজ্ঞপ্তি।